

রাজ্যে নতুন লগ্নিতে আগ্রহী মাদার ডেয়ারি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: যেভাবে চাহিদা ও বাজার বাড়ছে, তার সঙ্গে তাল মেলাতে এ রাজ্যে আরও দু'টি কারখানা চালু করতে চায় মাদার ডেয়ারি। দিল্লির এই সংস্থা জানিয়েছে, তারা আগামী পাঁচ বছরে রাজ্য তথা পূর্বাঞ্চলে ৫০০ কোটি টাকার ব্যবসা করতে চায়। বর্তমানে সেই অঙ্ক ১০০ কোটি টাকার। এই লক্ষ্য পূরণে নতুন বিনিয়োগ বা কারখানা খুলতে চায় তারা। তবে দু'বছর পর অর্থনৈতিক পরিস্থিতি বুঝেই ওই কাজে হাত দেওয়া হবে। সোমবার সংস্থার দুগ্ধজাত পণ্যের ব্যবসার প্রধান সঞ্জয় শর্মা বলেন, বর্তমানে আমাদের সার্বিক ব্যবসার অঙ্ক ১ হাজার ৬৮০ কোটি টাকা। ২০২৪-'২৫ অর্থবর্ষে তা আমরা সাড়ে তিন হাজার কোটিতে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা রেখেছি। সেই কাজে সাহায্য করবে পূর্বাঞ্চলও। বর্তমানে ডানকুনিতে মাদার ডেয়ারির যে কারখানা আছে, তাতে দিনে ৪০ মেট্রিক টন উৎপাদন হয়। তা ১৭ হাজার আউটলেট থেকে বিক্রি হয়। পাঁচ বছরে সেই সংখ্যাকে ৩০ হাজারে নিয়ে যাওয়া হবে। এখন রাজ্যের ১০টি জেলায় এই পণ্যের দেখা মিললেও, তা পরের পাঁচ বছরে দ্বিগুণ করা হবে বলে জানিয়েছেন সঞ্জয়বাবু।